ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-১৭৭৪

আগরতলা, ২৭ জুলাই, ২০২৬

**আইজিএম হাসপাতালে বিনামূল্যে**
**৩৩ জনের চোখের ছানি অস্ত্রোপচার**

আইজিএম হাসপাতালের চক্ষু বিভাগে উন্নত ও মানসম্পন্ন চক্ষু চিকিৎসা পরিষেবা প্রদান ধারাবাহিকভাবে অব্যাহত রয়েছে। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আগত চক্ষু রোগীদের উন্নত চিকিৎসা নিশ্চিত করার লক্ষ্যে হাসপাতাল কর্তৃপক্ষ নিয়মিতভাবে বিভিন্ন জনকল্যাণমূলক কর্মসূচি গ্রহণ করে আসছে। এই ধারাবাহিকতার অংশ হিসেবে আইজিএম হাসপাতালের চক্ষু বিভাগে গত ৭ জুলাই থেকে ১৭ জুলাই পর্যন্ত বিনামূল্যে চোখের ছানি অস্ত্রোপচার শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে উন্নত প্রযুক্তির মাধ্যমে মোট ৩৩ জন রোগীর সফলভাবে বিনামূল্যে ছানি অস্ত্রোপচার সম্পন্ন করা হয়েছে। এই অস্ত্রোপচার শিবির পরিচালনা করেন আইজিএম হাসপাতালের চক্ষু বিভাগের বিশেষজ্ঞ চিকিৎসক ডাঃ মধুসূদন দাস, ডাঃ শিউলি দাস, ডাঃ শতরূপা দাস, ডাঃ রবীন্দ্র দাস, ডাঃ শ্যামরূপ ভট্টাচার্য, ডাঃ দীপঙ্কর ভৌমিক এবং ডাঃ অলকানন্দা সাহা। কর্মশালার সফল বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন ওটি অ্যাসিস্ট্যান্ট বৈশালী দেবনাথ, নার্সিং অফিসার নূপুর চক্রবর্তী, শিপ্রা ঘোষ ও কৃষ্ণা ভট্টাচার্য এবং হাসপাতালের অন্যান্য স্বাস্থ্যকর্মীরা। অস্ত্রোপচার সম্পন্ন হওয়ার পর রোগীর স্বাস্থ্যপরীক্ষা করে তাঁদের প্রয়োজনীয় ওষুধ এবং সুরক্ষার জন্য কালো চশমা বিনামূল্যে প্রদান করা হয়। চিকিৎসকদের পরামর্শ অনুযায়ী পরবর্তী ফলো-আপ পরিষেবাও নিশ্চিত করা হয়েছে। এই কর্মসূচির মাধ্যমে বিনামূল্যে উন্নতমানের চিকিৎসা সুবিধা পেয়ে উপকৃত রোগীরা আইজিএম হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসক এবং সংশ্লিষ্ট সকল স্বাস্থ্যকর্মীর প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। আইজিএম হাসপাতালের পক্ষ থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*******